দৈনিক সংবাদ

তারিখ 03 JUL 1988
পৃষ্ঠা ... ৫ ... কলাম ২



# প্রয়োজনীয় শিক্ষকের অভাবে সিলেটে প্রাথমিক শিক্ষা বিঘ্নিত

সিলেট, ২রা জুলাই (জেলা বার্তা পরিবেশক)।--- প্রয়োজনীয় শিক্ষকের অভাবে সিলেটে প্রাথমিক শিক্ষা দারুণভাবে বিঘ্নিত হচ্ছে।

সিলেটে সরকারী প্রাথমিক বিদ্যালয় ১ হাজার ৬২টি। এগুলোতে কমপক্ষে ২ লাখ ৫০ হাজার ছাত্র-ছাত্রী রয়েছে। এ হিসেবে অন্ততঃ ৫ হাজার শিক্ষক দরকার। অথচ সরকার নির্ধারিত শিক্ষক পদ সর্বসাকুল্যে ৩ হাজার ৫শ' ৬৮টি; এর মাঝে আবার প্রধান শিক্ষকের ৩৩টি ও সহকারী শিক্ষকের ১শ' ২২টি পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এছাড়া জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার একমাত্র পদটি এবং উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার ১১টির ২টি ও সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার ৫৪টির ২২টি পদ একই ভাবে খালি।

সিলেটে বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১শ' ২৯। এগুলোর অবস্থা অত্যন্ত নাজুক। শিক্ষক, শিক্ষা উপকরণ, বিদ্যালয় ভবন কিছুই প্রয়োজনমাফিক নেই।

গত মে মাসের বন্যায় সিলেটে শ'খানেক সরকারী-বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়। এগুলোর মেরামতের জন্যে এখন পর্যন্ত কোন অর্থ বরাদ্দ মেলেনি।

## সাংবাদিক ইউনিয়নের সমাবেশ

বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন আহূত প্রতিবাদ দিবস উপলক্ষে গত ২৫শে জুন সিলেট সাংবাদিক ইউনিয়ন (এস ইউ, জে) স্থানীয় দৈনিক সিলেট বাণী কার্যালয়ে এক সমাবেশের আয়োজন করে।

এতে বিভিন্ন বক্তা দৈনিক বাংলার বাণী ও সাপ্তাহিক রোববারসহ সকল বন্ধ পত্রিকার ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং সব ধরনের দলননীতি বন্ধের জোর দাবী জানান।

এস, ইউ, জে সভাপতি বাহাউদ্দীন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তব্য রাখেন আল-আজাদ, শাহাদাত করিম, আবদুস সাত্তার, জিয়াউস শামস শাহীন, ইখতিয়ারউদ্দিন, বদরুল চৌধুরী প্রমুখ।